

💵 মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৪৬১

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৮. দ্বিতীয় অনুচ্ছেদ - কুরবানী

আরবী

عَنْ جَابِرٍ قَالَ: ذَبَحَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمَ الذَّبْحِ كَبْشَيْنِ أَقْرَنَيْنِ أَمْلَحَيْنِ موجئين فَلَمَّا وجههما قَالَ: «إِنِّي وجهت وَجْهي للَّذي فطر السَّمَوَات وَالْأَرْضَ عَلَى موجئين فَلَمَّا وجههما قَالَ: «إِنِّي وجهت وَجْهي للَّذي فطر السَّمَوَات وَالْأَرْضَ عَلَى مِلَّةِ إِبْرَاهِيمَ حَنِيفًا وَمَا أَنَا مِنَ الْمُشْرِكِينَ إِنَّ صَلَاتِي وَنُسُكِي وَمَحْيَايَ وَمَمَاتِي لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ لَا شَرِيكَ لَهُ وَبِذَلِكَ أَمَرْتُ وَأَنَا مِنَ الْمُسْلِمِينَ اللَّهُمَّ مِنْكَ وَلَكَ عَنْ مُحَمَّدٍ وَأُمَّتِهِ الْعَالَمِينَ لَا شَرِيكَ لَهُ وَبِذَلِكَ أَمَرْتُ وَأَنَا مِنَ الْمُسْلِمِينَ اللَّهُمَّ مِنْكَ وَلَكَ عَنْ مُحَمَّدٍ وَأُمَّتِهِ الْعَالَمِينَ لَا للَّهُ وَاللَّهُ أَكْبَرُ ثُمَّ ذَبَحَ» . رَوَاهُ أَحْمَدُ وَأَبُو دَاوُدَ وَابْنُ مَاجَهُ وَالدَّارِمِيُّ وَفِي رِوَايَةٍ بِسِمْ اللَّهِ وَاللَّهُ أَكْبَرُ اللَّهُمَّ هَذَا عَنِي وَعَمَّنُ لِأَحْمَدُ وَأَبِي دَاوُدَ وَالتَّهُ أَكْبَرُ اللَّهُمَّ هَذَا عَنِي وَعَمَّنْ لَمُسْلِمِينَ لَا لَلَهُ وَاللَّهُ أَكْبَرُ اللَّهُمَّ هَذَا عَنِي وَعَمَّنُ لَا مُنْ يُعْشَعْ مِنْ أُمِينَ كَاللَّهُ مَا أَمْتِي» لَمْ أَلْ يُعْمَدُ وَالتَّهُ أَكْبَرُ اللَّهُمَّ هَذَا عَنِي وَعَمَّنْ لَمُ مُنَا مُنِي »

বাংলা

১৪৬১-[৯] জাবির (রাঃ) কর্তৃক বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক কুরবানীর দিনে দু'টি ছাই রঙের শিংওয়ালা খাসী দুম্বা কুরবানী করলেন। ওদের কিবলা (কিবলা/কেবলা)মুখী করে বললেন

'ইনী ওয়াজ্জাহতু ওয়াজহিয়া লিল্লায়ী ফাত্বারাস সামা-ওয়া-তি ওয়াল আরয়া 'আলা- মিল্লাতি ইব্রা-হীমা হানীফাও্ ওয়ামা- আনা- মিনাল মুশরিকীন, ইন্না সলা-তী ওয়া নুসুকী ওয়া মাহ্ইয়া-ইয়া ওয়া মামা-তী লিল্লা-হি রব্বিল 'আ- লামীন, লা- শারীকা লাহু, ওয়াবিযা-লিকা আমারতু ওয়া আনা- মিনাল মুসলিমীন, আল্ল-হুম্মা মিনকা ওয়ালাকা 'আন্ মুহাম্মাদিন ওয়া উম্মাতিহী, বিসমিল্লা-হি ওয়াল্ল-হু আকবার'' বলে যাবাহ করতেন।

(আহমাদ, আবূ দাউদ, ইবনু মাজাহ ও দারিমী। কিন্তু আহমাদ, আবূ দাউদ ও তিরমিয়ী বর্ণনা করেছেন, নিজ হাতে যাবাহ করলেন এবং বললেন, ''বিসমিল্লা-হি ওয়াল্ল-হু আকার, আল্ল-হুমা হা-যা- 'আন্নী, ওয়া 'আমমান লাম ইউযাহহি মিন উম্মাতী'' [অর্থাৎ হে আল্লাহ এ কুরবানী আমার পক্ষ থেকে কবূল করো। কবূল করো আমার উম্মাতগণের মধ্য থেকে যারা কুরবানী করতে পারেনি তাদের পক্ষ হতে।])[1]

ফুটনোট



[1] য'ঈফ: আবৃ দাউদ ২৭৯৫, ইবনু মাজাহ্ ৩১২১, আহমাদ ১৫০২২, আদ্ দা'ওয়াতুল কাবীর ৫৪৪। সুনানুল কুবরা লিল বায়হাকী ১৯১৮৪। কারণ এর সানাদে ইসমা'ঈল বিন 'আইয়্যাশ রয়েছে, যার শামীদের থেকে বর্ণিত যার হাদীসগুলো দুর্বল। আর এ বর্ণনাটি সেগুলোর অন্যতম। তারপরের আংশটুকু সহীহ। আবৃ দাউদ ২৮১০, আত্ তিরমিয়ী ১৫২১, আহমাদ ১৪৮৯৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (مَوْجُنَين) যার দু' অন্তকোষ বের করে নেয়া হয়েছে। খাজ্বাবী বলেন, এটা প্রমাণ করে যে, খাসী কুরবানী করা অপছন্দ না অবশ্য কেউ অপছন্দ করেছে অঙ্গ কম হওয়ার কারণে। আর এই ক্রটি দোষের না, কেননা খাসীতে গোশ্ত (গোশত/গোস্ত/গোসত) বৃদ্ধি পায় আর সুস্বাদু হয় এবং গন্ধকে দূরীভূত করে। আর হাদীস প্রমাণ করে যে, কুরবানীর পশু যাবাহের সময় কুরআনের এ আয়াত الْقَرِي وَجُهْنِ لِلَّذِي وَجُهْنِ لِلَّذِي وَجُهْنِ لِلَّذِي (আমি একনিষ্ঠ হয়ে তাঁর দিকে আমার মুখ ফিরিয়ে নিচ্ছি যিনি আকাশমন্ডলী আর পৃথিবীকে সৃষ্টি করেছেন। আর আমি মুশরিকদের অন্তর্ভুক্ত নই"- (সূরাহ্ আল আন্'আম ৬ : ৭৯) পড়া ভাল। এ হাদীস আরও প্রমাণ করে যে কুরবানী ওয়াজিব না হাদীসের ভাষ্য নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কুরবানী তার পক্ষ হতে যথেষ্ট যারা কুরবানী দেয়নি চাই তারা কুরবানীর দেয়ার সামর্থ্যবান হোক বা না হোক।

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন